জাপা নেতাকে গ্রেফতারের দাবীতে খুলনায় জনসভা

২৫ খুলনা, ২৪শে ডিসেম্বর (জেলা বার্তা পরিবেশকের ফোন)।- করুণাময়ী হত্যা মামলার প্রধান আসামী জাতীয় পার্টির নেতা ওয়াজেদ আলী বিশ্বাসকে অবিলম্বে গ্রেফতার এবং অবৈধ চিংড়ি চাষ বন্ধের দাবীতে

(শেষ পৃঃ [illegible])

গ্রেফতারের দাবীতে

(১ম পাতার পর)

আজ দুপুরে শহীদ হাদিস পার্কে পাইকগাছার 'অন্যায় প্রতিরোধ কমিটি'র আহ্বানে এক বিরাট জনসভা অনুষ্ঠিত হয়।

পাইকগাছা ও ডুমুরিয়াসহ দক্ষিণাঞ্চলীয় গ্রামগুলো থেকে দশ হাজারেরও বেশী নারী-পুরুষ এই সমাবেশে যোগ দেন।

৮, ৭, ৫ দল, ইউসিএল, সর্বদলীয় ছাত্র ঐক্য, যুব সংগ্রাম পরিষদ, শ্রমিক-কর্মচারী ঐক্য পরিষদ, সম্মিলিত সাংস্কৃতিক জোট ও 'নিজেরা করি' সংগঠনের নেতারা এসব দাবীর সমর্থন জানিয়ে জনসভায় বক্তৃতা করেন।

প্রতিরোধ কমিটির আহ্বায়ক মোহাম্মদ রশীদুজ্জামানের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। জনসভাশেষে একটি বিশাল মিছিল শহর প্রদক্ষিণ করে।

২৫/১২/৯০
সংবাদ

খুলনার পুলিশ সুপারকে বদলির আদেশ দেয়া হয়েছে

খুলনা, ২৫শে ডিসেম্বর (জেলা বার্তা পরিবেশক)।- খুলনার পুলিশ সুপার জহিরুল ইসলাম তালুকদারকে বদলির আদেশ দেয়া হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। তাকে ২৭শে ডিসেম্বরের মধ্যে খাগড়াছড়িস্থ আর্ম পুলিশ ব্যাটালিয়ানে যোগদানের নির্দেশ দেয়া হয়েছে।

উল্লেখ্য, গতকাল স্থানীয় শহীদ হাদিস পার্কে অনুষ্ঠিত এক বিরাট জনসভায় খুলনার পুলিশ সুপার ও

(৭-এর পাতায় দেখুন)

২৬/১২/৯০
সংবাদ

খুলনার পুলিশ সুপারকে

(১ম পাতার পর)

সহকারী পুলিশ সুপারকে (পাইকগাছা) অবিলম্বে বরখাস্ত এবং বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসককে তাৎক্ষণিক অপসারণের দাবী জানানো হয়। ২৬/১২/৯০